# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 29 March, 2025

শনিবার (২৯ মার্চ) সকালে জাতীয় ঈদগাহে প্রধান জামাত আয়োজনের প্রস্তুতি ও সময়সূচি নিয়ে প্রেস ব্রিফিংয়ে এই কথা জানান ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিস) প্রশাসক মো. শাহজাহান মিয়া।

তিনি বলেন, ‘রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা দুজনই জাতীয় ঈদগাহ ময়দানে ঈদের জামাতে অংশ নেয়ার বিষয়ে আশা করা যাচ্ছে।এছাড়া ৩৫ হাজার মুসল্লি জামাত আদায় করতে পারবেন।

জামাতের বিষয়ে ডিএসসিসি প্রশাসক বলেন, ‘জামাত হবে সকাল সাড়ে ৮টায়।আবহাওয়া খারাপ হবে না বলেই পূর্বাভাস পাওয়া গেছে।তবে আবহাওয়া বৈরী হলে সকাল ৯টায় বায়তুল মোকাররমে প্রধান জামাত হবে।

মুসল্লিদের ছাতা আনতে নিরুৎসাহিত করা হচ্ছে বলেও জানান শাহজাহান মিয়া।

ঈদের নামাজ ঘিরে নিরাপত্তার কোনো ঝুঁকি নেই দাবি করে  বলেন, ‘পুলিশ ও র‍্যাবের পাশাপাশি অন্যান্য নিরাপত্তা বাহিনীও নিরাপত্তায় কাজ করছে।কোনো ধরনের আশঙ্কা অনুভব করছি না।

ঈদগাহ ময়দান মুসল্লি আবহাওয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:53

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/242768158